দৈনিক ইনকিলাব

019

তারিখ 0 8 FEB 1988
পৃষ্ঠা ... কলাম ...

# আরো অস্ত্রের সন্ধানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পুলিশী তল্লাশী অব্যাহত

চট্টগ্রাম, ৭ ফেব্রুয়ারী (বাসস)।— জেলা পুলিশ প্রশাসন আজ জানিয়েছেন যে, আরো অস্ত্রের সন্ধানে তারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সমগ্র ক্যাম্পাসে তল্লাশী চালাচ্ছেন।

বিশ্ববিদ্যালয়টি চট্টগ্রাম শহর থেকে প্রায় ১৮ কিঃ মিঃ দূরে হাটহাজারী উপজেলায় অবস্থিত।

গতকাল দিনব্যাপী তল্লাশীতে পুলিশ সশস্ত্র বহিরাগতদের ফেলে যাওয়া উল্লেখযোগ্য পরিমাণ অস্ত্রশস্ত্র পেয়েছে।

তারা গত ৬ জানুয়ারী ছাত্রাবাসগুলোতে জোরপূর্বক অবস্থান নেয় এবং গতকাল

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

সকাল পর্যন্ত সেখানে অবস্থান করে।

গত বৃহস্পতিবার ভাইস চ্যান্সেলরের সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের সভায় অননুমোদিত দখলকারীদের উচ্ছেদ করার জন্যে ক্যাম্পাসে পুলিশ প্রবেশের অনুমতি দেয়া হয়।